



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৮-১০)

৩৭/০৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanachaybank.gov.bd

শৃঙ্খলা ও আপিল বিভাগ

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৮১১)/২০২৪-২৫(২০২৫-২৬)/১৭৮৯

তারিখ: ১২ মার্চ, ২০২৬

পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীনে রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ৪১/২০২৫-২৬ এর কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব দিল্লী বিশ্বাস (ডি-১৬৯), মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, যশোর-এ সংযুক্ত; ইতঃপূর্বে মনিরামপুর শাখা, যশোর-এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংগঠিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ আত্মসাৎমূলক অপরাধ সংঘটনের দায়ে শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ৪১/২০২৫-২৬ রুজুপূর্বক অত্র বিভাগের ২১/১০/২০২৫ তারিখের পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৮১১)/২০২৪-২৫(২০২৫-২৬)/৭৫৮ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি অভিযোগনামার জবাব দাখিল করেন এবং কর্তৃপক্ষ উক্ত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য ০১ (এক) জন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ কর্তৃক আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করা হয়। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক তথ্যাদি বিচার-বিবেচনা করে আপনি জনাব দিল্লী বিশ্বাস (ডি-১৬৯), আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও অর্থ আত্মসাৎমূলক অপরাধ সংঘটনের দায়ে দোষী সাব্যস্ত করতঃ লঘুদণ্ড তথা আপনার পরবর্তী প্রাপ্য ০১ টি বার্ষিক বেতন বর্ধন (০১/০৭/২০২৭ তারিখে প্রাপ্য) ০১ বছরের জন্য (৩০/০৬/২০২৮ তারিখ পর্যন্ত) স্থগিত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু আপনি জনাব দিল্লী বিশ্বাস (ডি-১৬৯), কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২(১)(ক)(আ) প্রবিধি অনুসারে আপনার পরবর্তী প্রাপ্য ০১ টি বার্ষিক বেতন বর্ধন (০১/০৭/২০২৭ তারিখে প্রাপ্য) ০১ বছরের জন্য (৩০/০৬/২০২৮ তারিখ পর্যন্ত) স্থগিতের আদেশ দিলেন।

এছাড়াও কর্তৃপক্ষ আপনার উপর বিগত ০৯/১২/২০২৪ তারিখে পসব্য/প্রকা/প্রশা-২৩(৯)/২০২৪-২৫/১৬২৮ নম্বর স্মারকমূলে আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক আপনার সাময়িক বরখাস্তকাল বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার আদেশ দিলেন। কর্তৃপক্ষের আদেশ মোতাবেক আপনি সাময়িক বরখাস্তকালীন গৃহীত খোরাকি ভাতার অতিরিক্ত কোন অর্থ প্রাপ্য হবেন না।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,


(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক

জনাব দিল্লী বিশ্বাস (ডি-১৬৯)
মাঠ সহকারী
পল্লী সঞ্চয় ব্যাংক
জেলা (আঞ্চলিক) কার্যালয়, যশোর।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২(৮১১)/২০২৪-২৫(২০২৫-২৬)/১৭৮৯

তারিখ: ১২ মার্চ, ২০২৬

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। দায়িত্বপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ-খুলনা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষনের অনুরোধসহ)।
- ০৬। প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাকের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, যশোর। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব দিল্লী বিশ্বাস (ডি-১৬৯)-এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি jueldas@pallisanachaybank.gov.bd ইমেইল-এ প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো।
- ০৮। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মনিরামপুর শাখা, যশোর।
- ০৯। সংশ্লিষ্ট নথি/মহানথি।


(মো: মাসুদ হাসান)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

